যুগান্তর

তারিখ 11 SEP 2007
পৃষ্ঠা ৩ কলাম ৬

# শিক্ষার্থী ভর্তির স্থগিতাদেশ প্রত্যাহারে মরিয়া ১৫ বেসরকারি মেডিকেল কলেজ

মনিরুজ্জামান উজ্জ্বল

রাজধানীসহ দেশের ১৫টি বেসরকারি মেডিকেল ও ডেন্টাল কলেজ কর্তৃপক্ষ নতুন বছরে ছাত্রছাত্রী ভর্তির ক্ষেত্রে স্বাস্থ্য অধিদফতরের স্থগিতাদেশ প্রত্যাহারের জন্য জোর তদবির চালাচ্ছেন। চলতি মৌসুমে এমবিবিএস ভর্তি পরীক্ষায় সর্বনিম্ন ৫০ থেকে ১০০টি আসনে প্রতিটি ছাত্রছাত্রী ভর্তিবাবদ কমপক্ষে ৭-৮ লাখ টাকা হাতছাড়া হওয়ার আশংকায় প্রায় সব কলেজে তড়িঘড়ি করে নতুন শিক্ষক নিয়োগ প্রদান ও ছাত্রছাত্রীদের শিক্ষাদানের প্রয়োজনীয় শিক্ষা উপকরণ কেনা হয়েছে। মাইকিং করে ও বড় বড় ব্যানার টানিয়ে হাসপাতালে চিকিৎসাধীন রোগীদের জন্য চিকিৎসা, পরীক্ষা-নিরীক্ষা ও খাবার সম্পূর্ণ ফ্রির ঘোষণা দেয়া হচ্ছে। নতুন নতুন বিভাগের সাইনবোর্ড ঝুলিয়ে সেখানে রোগী ভর্তি করে চিকিৎসা দেয়া হচ্ছে। নির্ভরযোগ্য সূত্রে জানা গেছে, ইতিমধ্যে আটটি মেডিকেল কলেজ নীতিমালা মেনে কলেজ ও হাসপাতাল পরিচালিত হচ্ছে দাবি করে স্থগিতাদেশ প্রত্যাহারের জন্য স্বাস্থ্য অধিদফতরে আবেদন করেছে।

নাম প্রকাশ না করার শর্তে স্বাস্থ্য অধিদফতরের একজন উর্ধ্বতন কর্মকর্তা যুগান্তরকে জানান, সরকারি হাসপাতালে ভর্তি প্রক্রিয়া শেষে নভেম্বর/ডিসেম্বর মাসে সব বেসরকারি মেডিকেল ও ডেন্টাল কলেজে ছাত্রছাত্রী ভর্তি করা হবে। এর আগে স্থগিতকৃত মেডিকেল ও ডেন্টাল কলেজগুলো আকস্মিক পরিদর্শন করে নীতিমালা মেনে পরিচালিত হচ্ছে কিনা তা যাচাই-বাছাই করা হবে। চলতি বছর ৪-৫টি মেডিকেল কলেজ ছাত্রছাত্রী ভর্তির অনুমতি পেতে পারে বলে ওই কর্মকর্তা মন্তব্য করেন। স্বাস্থ্য অধিদফতরের পরিচালক মেডিকেল শিক্ষা ও জনশক্তি উন্নয়ন প্রফেসর ডা. খন্দকার মোঃ

মরিয়া : পৃষ্ঠা ২ : কলাম ৮